

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



০২/০২/১৪২৬বঙ্গাব্দ

তারিখ: ১৫/০৫/২০১৯খ্রিস্টাব্দ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩৫.২০১৯/১৫৫২/২

বিষয় : ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন আব্দুর রহমান ডিগ্রি কলেজে স্নাতক পর্যায়ে সৃষ্ট পদে পদার্থ বিজ্ঞান বিষয়ে জনাব মোঃ মিজানুর রহমান এবং রসায়ন বিদ্যা বিষয়ে জনাব শরাফত উল্লাহকে এমপিওভুক্তি।

সূত্র : অধ্যক্ষের পত্র নং- ০০১৪/১৯; তারিখ: ১২/০২/২০১৯খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন আব্দুর রহমান ডিগ্রি কলেজে স্নাতক পর্যায়ে সৃষ্ট পদে পদার্থ বিজ্ঞান বিষয়ে জনাব মোঃ মিজানুর রহমান এবং রসায়ন বিদ্যা বিষয়ে জনাব শরাফত উল্লাহকে এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অধ্যক্ষ অনুরোধ করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫(অংশ)-৯৪২; তারিখ: ১১/১১/২০১৫খ্রি. মোতাবেক 'কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যদি ২২ অক্টোবর ২০১৫খ্রি. তারিখ বা তৎপরবর্তী সময়ে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে কোন পদে নিয়োগ প্রদান করে তাহলে তা অবৈধ নিয়োগ বলে বিবেচিত হবে'।

শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬-৩৫৪; তারিখ: ১৯/১০/২০১৬খ্রি. মোতাবেক 'কোন শিক্ষা প্রতিষ্ঠান যদি ২১ অক্টোবর ২০১৫খ্রি. তারিখের মধ্যে নিয়োগ কার্যক্রমের বিজ্ঞপ্তি প্রকাশ করে থাকে, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিসেম্বর, ২০১৬খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে'।

বর্ণিত শিক্ষকদ্বয়ের নিয়োগ বিজ্ঞপ্তি ২২ অক্টোবর ২০১৫খ্রি. তারিখের পূর্বে প্রকাশ করা হয়েছে, তবে তাঁরা ২৫ ফেব্রুয়ারি ২০১৭খ্রি. তারিখে নিয়োগ প্রাপ্ত হন। ডিসেম্বর ২০১৬খ্রি. তারিখের পূর্বে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হয়নি বিধায় নিয়োগ অবৈধ। অতএব তাঁদের এমপিওভুক্তির সুযোগ নেই।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।


২৫.০৫.১৯

(ফারহানা আজার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

আব্দুর রহমান ডিগ্রি কলেজ

গফরগাঁও, ময়মনসিংহ

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, আব্দুর রহমান ডিগ্রি কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ
- ২। সংরক্ষণ নথি।